

🖪 আল-হিজর | Al-Hijr | ٱلْحِجْر

আয়াতঃ ১৫: ৫৪

আরবি মূল আয়াত:

قَالَ اَبَشَّرتُمُونِي عَلَى اَن مَّسَّنِيَ الكِبَرُ فَبِمَ تُبَشِّرُونَ ﴿٥٢﴾

🗚 অনুবাদসমূহ:

সে বলল, 'তোমরা কি আমাকে সুসংবাদ দিচ্ছ, যখন বার্ধক্য আমাকে স্পর্শ করেছে ? সুতরাং তোমরা কিসের সুসংবাদ দিচ্ছ' ? — আল-বায়ান

সে বলল, 'বার্ধক্য যখন আমাকে স্পর্শ করেছে তখন তোমরা আমাকে সুখবর দিচ্ছ। আচ্ছা, তোমাদের সুখবরটা কী?' — তাইসিরুল

সে বললঃ তোমরা কি আমাকে সুসংবাদ দিচ্ছ আমি বার্ধক্যগ্রস্ত হওয়া সত্ত্বেও? তোমরা কি বিষয়ে সুসংবাদ দিচ্ছ?

— মুজিবুর রহমান

He said, "Have you given me good tidings although old age has come upon me? Then of what [wonder] do you inform?" — Sahih International

- ৫৪. তিনি বললেন, তোমরা কি আমাকে সুসংবাদ দিচ্ছ আমি বৃদ্ধ হওয়া সত্ত্বেও? তোমরা কিসের সুসংবাদ দিচ্ছ?(১)
 - (১) ইবরাহীম আলাইহিস সালামের এ প্রশ্নটি ছিল অতিশয় আশ্চর্য থেকে। তিনি বুঝাতে চাচ্ছেন যে, আমি বৃদ্ধ হয়ে গেছি, আর আমার স্ত্রীও বৃদ্ধা সুতরাং কিভাবে আমাদেরকে সন্তানের সুসংবাদ দিচ্ছেন? [বাগভী]

তাফসীরে জাকারিয়া

(৫৪) সে বলল, 'আমি বার্ধক্যগ্রস্ত হওয়া সত্ত্বেও তোমরা কি আমাকে সুসংবাদ দিচ্ছ? তোমরা কিসের সুসংবাদ দিচ্ছ?'

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1856

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন